

বরিশালে নজরদারিতে কওমি মাদ্রাসাগুলো

খপন খন্দকার বরিশাল:

পশ্চিমবঙ্গের বাংলা সংবাদ চ্যানেল ২৪ ঘণ্টায় ভারতে জঙ্গি হামলার উদ্দেশ্যে বরিশালে প্রশিক্ষণের বকবু দিয়ে এখনো ডোলপাড় চলছে। গোয়েন্দা সংস্থাগুলো এর সত্যতা খুঁজে দেখতে মাঠে নেমেছে। কওমি মাদ্রাসাগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে। এদিকে সাম্প্রতিক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে রোববার কওমি মাদ্রাসা ঐক্য পরিষদ এক সংবাদ সম্মেলন আহ্বান করলেও শেষ মুহুর্তে তা স্থগিত করেন নেতারা। গত বৃহস্পতি ও শুক্রবার টিভি চ্যানেল ২৪ ঘণ্টার ক্রেকিং সংবাদে প্রচারিত ওই সংবাদ নিয়ে বরিশালে এখনো ডোলপাড় চলছে। বরিশাল আইন-শৃঙ্খলা বাহিনীর কর্তৃকর্তরা বিষয়টি নাকচ করে দিলেও গোয়েন্দারা খোঁজবকর নিচ্ছেন। মগরীর কাউনিয়া ও রূপাতলী এলাকার একাধিক মাদ্রাসাকে নজরদারিতে রাখা হয়েছে বলে জানা গেছে। সংবাদটি প্রচারের পর বরিশালের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার, সাংবাদিকদের বলেছেন, এমন কোনো অস্বাভাবিক পায়নি গোয়েন্দা সংস্থাগুলো। তবে এ সংবাদের পর থেকে নজরদারি বাড়ানো হয়েছে। এদিকে ভারতীয় সংবাদ মাধ্যমের খবর এবং ডোলার বোরহানউদ্দিনে গ্রিন ক্রিসেন্ট এতিমখানা থেকে অস্ত্র উদ্ধারের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে বরিশালের কওমি মাদ্রাসা ঐক্য পরিষদ রবিবার এক সংবাদ সম্মেলন আহ্বান করে। সকাল ১১টায় মগরীর বাজার রোডের বাজা মসজিদে মাদ্রাসায় সংবাদ সম্মেলন শুরু করবে মিনিট আগে আয়োজকরা জানান, একটি গোয়েন্দা সংস্থার অনুরোধে আজকের সংবাদ সম্মেলন স্থগিত করা হলো। তবে ২-১ দিনের মধ্যেই আবারো সংবাদ সম্মেলনের তারিখ জানানো কওমি : পৃষ্ঠা ১১ কলাম ৩

কওমি : বরিশালে
(১২ পৃষ্ঠার পর)

হবে বলে কওমি মাদ্রাসা ঐক্য পরিষদ বরিশালের আহ্বায়ক মাওলানা আ. মজিদ তালুকদার, মাওলানা ওবাইদুর রহমান মাহাবুবসহ অন্যান্য নেতারা জানান। সংগঠিতরা জানান, বরিশাল সদর উপজেলায় বড় ডিনটি মাদ্রাসাসহ ৪৪টি কওমি মাদ্রাসা রয়েছে।